



**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল**  
[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০১৮/১৮৪৩

তারিখ : ০৮ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ

২২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সেভেন্ট ডে এড্ভান্সেট সম্প্রদায়ের শনিবারের পরীক্ষা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শনিবার অনুষ্ঠিতব্য ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সেভেন্ট ডে এড্ভান্সেট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে শর্ত থাকে যে,

- ১। উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০.০০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশ পথে উল্লিখিত দ্রব্যের বাইরে কিছু থাকবে না।
- ৩। কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর  
 ২২.০১.১৮

প্রফেসর মোঃ আনন্দারঞ্জন আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

জেলা প্রশাসক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল জেলা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল উপজেলা।
- ২। কেন্দ্র সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল কেন্দ্র।
- ৩। সংরক্ষণ নথি